76

দৈনিক বাংলা

তারিখ ... 30 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৮

# বিনামূল্যের বই বিক্রি : শিক্ষক সমিতির সভাপতি গ্রেফতার

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম।— প্রাইমারী স্কুলের বিনামূল্যে বিতরণের বই নিজ লাইব্রেরীতে বিক্রির জন্য রাখার অপরাধে পুলিশ জাফর আহামদ নামে এক স্কুল শিক্ষককে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করেছে। আটক জাফর আহামদ মহানগরীর কোতোয়ালী থানার প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি।

বই উদ্ধার ও ঘটনা চেপে যাওয়ার সংবাদ দৈনিক বাংলায় ইতিপূর্বে প্রকাশিত হওয়ার পর পুলিশ তাকে গ্রেফতার করেছে।